দৈনিক সংবাদ

তারিখ ... 19 OCT 1995 ...
পৃষ্ঠা ৪ কলাম ৬

৩১

# দুর্নীতি ঃ সাতক্ষীরায় ৪ কলেজ অধ্যক্ষের বেতন বন্ধ

॥ মিজানুর রহমান ॥

সাতক্ষীরা, ১৮ই অক্টোবর।– অবৈধভাবে পরীক্ষার্থী নির্বাচন ও অবৈধভাবে পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ দেয়া ও বিভিন্ন দুর্নীতির অভিযোগে সাতক্ষীরার ৪টি বেসরকারি কলেজ অধ্যক্ষের সরকারি বেতনভাতা বন্ধ করে দেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত সার্কুলারে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

১৯৯৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নেয়ার জন্য যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন ৮৩টি কলেজ অধ্যক্ষের সরকারি বেতনভাতা স্থগিত করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর

দুর্নীতি ঃ পৃঃ ৬ কঃ ৬

## দুর্নীতি ঃ বেতন বন্ধ

( ১ম পৃষ্ঠার পর )

গত ৯ই সেপ্টেম্বর রূপালী ব্যাংক প্রধান কার্যালয়ে এই সংক্রান্ত এক নির্দেশ দিয়েছে। নির্দেশ অনুযায়ী গত আগস্ট '৯৫ হতে এ ৪ জন অধ্যক্ষের সরকারি বেতনভাতা বন্ধ রাখাতে বলা হয়েছে।

সাতক্ষীরার ৪টি কলেজ অধ্যক্ষের মধ্যে পাটকেলঘাটা হারুন-অর-রশীদ কলেজ, সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরা দিবা- নৈশ কলেজ ও সাতক্ষীরা খান বাহাদুর আহসান উল্যা কলেজ। এ সকল কলেজের ব্যবস্থাপনায় অনিয়ম, অবৈধভাবে পরীক্ষার্থীদের পরীক্ষার সুযোগ দেয়ার অভিযোগ আনা হয়েছে। এছাড়া পাট-কেলঘাটা কলেজে ছাত্রছাত্রী অনুযায়ী অতিরিক্ত শিক্ষক নিয়োগ করে সরকারি ভাতা উত্তোলন ও দুর্নীতির অভিযোগ আনা হয়েছে।